

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয়: ০৫-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা শীর্ষক সভার কার্যবিবরণী।


জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত টিমের টিম লিডার বেগম পারভীন আকতার এর সভাপতিত্বে ০৫-০৩-২০১৮ তারিখ বেলা ০২:৩০ টায় এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক (জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০১৮) লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা শীর্ষক এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত করা হলো।

আলোচনা:

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি এ বিভাগের উপসচিব প্রশাসন-২ অধিশাখা ও সদস্য সচিব (এপিএ)-কে সভার আলোচনা শুরু করার জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব প্রশাসন-২ অধিশাখা আলোচ্যসূচি অনুযায়ী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন। সভায় এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন মাসিক সভায় একত্রে দুই মাসের (জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০১৮) লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের তেল/গ্যাসের উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন, গ্যাস উৎপাদন, পেট্রোলিয়াম প্রোডাক্টস এর উৎপাদন, কয়লা আহরণ ও মজুদ বৃদ্ধি, জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান, ২-ডি সিসমিক জরিপ, ৩-ডি সিসমিক জরিপ, পি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, আমদানিকৃত পরিশোধিত তেল, আমদানিকৃত অপরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, কোয়ারি রয়্যালটি আদায়, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তিসহ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সকল বিষয়ে আলোচনা হয়।

০৩। সভায় ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রে কৌশলগত উদ্দেশ্যের গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, চালুকৃত দুইটি অনলাইন সেবার তালিকা, প্রেরিত তালিকা অনুযায়ী SIP কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সঠিকভাবে ৬০ জনঘণ্টার হিসাব উল্লেখপূর্বক প্রতিবেদন প্রেরণ ইত্যাদি বিষয়েও আলোচনা হয়। এছাড়া এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পিআরএল শুরুর ০২ (দুই) মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র জারি নিশ্চিতকরণের লক্ষ্যে মনোনীত কল্যাণ কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের পরামর্শ প্রদান করা হয়।

০৪। পরিশেষে সভাপতি এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রবর্তিত কর্মসম্পাদনসমূহ ব্যবস্থাপনা অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে পুনর্গঠিত এপিএ টিমের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে টিমের সকল সদস্য/ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সচেষ্টিত থাকার পরামর্শ প্রদান করেন।



০৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

সিদ্ধান্ত:


৫.১। (ক) এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রে প্রদত্ত লক্ষ্যমাত্রা যথাযথ তদারকির মাধ্যমে শতভাগ অর্জনে সচেষ্ট থাকতে হবে;

(খ) এ বিভাগ কর্তৃক চালুকৃত দুইটি অনলাইন সেবার তালিকা প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিত করতে হবে;

(গ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ প্রদানের সময় ৬০ জনঘন্টার হিসাব উল্লেখপূর্বক মাসিক এবং ক্রমপুঞ্জিত প্রতিবেদন প্রতি মাসে এ বিভাগের প্রেরণ করতে হবে;

(ঘ) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পিআরএল শুরুর ০২ (দুই) মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র জারি নিশ্চিতকরণের লক্ষ্যে মনোনীত কল্যাণ কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করতে হবে।

০৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(বেগম পারভীন আকতার)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)

ও

এপিএ টিম লিডার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।